Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 16 April, 2025

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকে নির্বাচনের বিষয়ে সুনির্দিষ্ট কোনো রোডম্যাপ না পাওয়ায়

অসন্তুষ্ট বিএনপি।

বুধবার প্রধান উপদেষ্টার সঙ্গে পৌনে তুই ঘণ্টা বৈঠক শেষে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এই মন্তব্য করেন বিএনপি মহাসচিব মির্জা

ফখরুল ইসলাম আলমগীর।

মির্জা ফখরুল বলেন, প্রধান উপদেষ্টা নির্বাচনের সুনির্দিষ্ট রোডম্যাপ জানাননি। তিনি ডিসেম্বর থেকে জুন মাসের মধ্যে নির্বাচনের কথা

বলেছেন।আমরা বলেছি ডিসেম্বর নির্বাচনের কাট অফ সময়।

সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, আমরা দলীয় ফোরামে আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত নেবো।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন, স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার জমির উদ্দিন

সরকার, মির্জা আব্বাস, নজরুল ইসলাম খান, সালাহউদ্দিন আহমেদ, ইকবাল হাসান মাহমুদ টুকু।

বিএনপি নির্বাচন প্রধান উপদেষ্টা অন্তর্বর্তীকালীন সরকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:40

URL: https://timestodaybd.com/public/bangladesh/192226896